



দুর্গাপূজায় অস্থিরতা সৃষ্টির ষড়যন্ত্র করছে আ.লীগ: রাশেদ খাঁন



রাশেদ খান। ছবি: সংগৃহীত

আসন্ন শারদীয় দুর্গোৎসবকে ঘিরে বিশৃঙ্খলা সৃষ্টির জন্য আওয়ামী লীগ ভারতে বসে ষড়যন্ত্র করছে বলে অভিযোগ করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খাঁন। বিএনপির নির্বাচিত সরকারের বিরুদ্ধেও দলটি ষড়যন্ত্র করছে বলে সরকারের কাছে তথ্য রয়েছে বলে জানান তিনি।

বুধবার (৭ অক্টোবর) দুপুরে বিনাইদহ শিশু একাডেমি মিলনায়তনে দুর্গোৎসবের প্রস্তুতিমূলক সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

রাশেদ খাঁন বলেন, আওয়ামী লীগের সময়ে সংখ্যালঘুদের ওপর হামলা, জমি দখল ও মন্দিরে হামলার মতো ঘটনা ঘটেছে। এখন ভারতে বসে দলটি আবারও সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র করছে।

তিনি বলেন, দেশে সব ধর্মের মানুষ শান্তিপূর্ণভাবে বসবাস করছে। দুর্গাপূজার সময় এই সম্প্রীতি বজায় রাখতে বিএনপিসহ সব রাজনৈতিক দলের নেতাকর্মীদের সতর্ক থাকতে হবে এবং যেকোনো ষড়যন্ত্র প্রতিহত করতে হবে।

ব্যটোরিচালিত অটোরিকশা প্রসঙ্গে রাশেদ খাঁন বলেন, ঢাকার যানজট কমাতে সরকার এ বিষয়ে নীতিমালা করার উদ্যোগ নিয়েছে। ফুটপাথ দখলমুক্ত করতেও সরকার কাজ করছে। তবে জামায়াতের সেক্রেটারি জেনারেল বিষয়টি নিয়ে রাজনীতি করছেন এবং অটোরিকশাচালকদের আন্দোলনে নেপথ্য থেকে ইন্ধন দিচ্ছেন বলে অভিযোগ করেন তিনি।